# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৮৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

## الفصل الاول

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَتَقَارَبُ الزَّمَانُ وَيُقْبَضُ الْعِلَمُ وَتَظْهَرُ الْفِتَنُ وَيُلْقَى الشُّحُّ وَيَكْثُرُ الْهَرْجُ» قَالُوا: وَمَا الْهَرْجُ؟ قَالَ: «الْقَتْلُ» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (85) و مسلم (11 / 2672)، (6788 ، 6792) ۔
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৩৮৯-[১১] উক্ত রাবী (আবূ হুরায়রাহ্ [রাঃ]) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: সময় সংকীর্ণ হয়ে যাবে, বিদ্যা উঠিয়ে নেয়া হবে, ফিতনা-ফাসাদ বৃদ্ধি পাবে, কার্পণ্যতা দেখা দেবে এবং ’হারজ’-এর আধিক্য হবে। লোকেরা প্রশ্ন করল, ‘‘হারজ’ কী? তিনি বললেন, হত্যা। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৮৫, মুসলিম ১১-(১৫৭), ইবনু মাজাহ ৪০৪৭, মুসান্নাফ আবদুর রাযযাক ২০৭৪৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭৩৮৪, মুসনাদে বাযযার ১৬৯১, মুসনাদে আহমাদ ১০৭৩৫, আবূ ইয়া'লা ৬২৯৩, সহীহ ইবনু হিব্বান ৬৬৫১, হিলইয়াতুল আওলিয়া ৪/৯৯, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১০০৬১, আল মু'জামুল আওসাত্ব ৩২৭৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীসের বিষয়সমূহ সম্পর্কে ইমাম তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেছেন, সময় নিকটবর্তী হওয়ার অর্থ : দুনিয়ার শেষ সময় নিকটবর্তী হবে এবং আখিরাতও নিকটবর্তী হবে। এর দ্বারা উদ্দেশ্য কিয়ামত নিকটবর্তী

হবে। কারো কারো মতে, সময়ের ব্যবধান কমে যাবে, সে যুগের মানুষের আয়ু হ্রাস পাবে ও সীমালঙ্ঘনের আধিক্যের কারণে সময়ের বারাকাত হ্রাস পাবে। উলামায়ে কিরামকে উঠিয়ে নেয়া হবে, ফিতনার আধিক্য হবে, কৃপণতা বৃদ্ধি পাবে। ('আওনুল মা'বুদ হা, ৪২৪৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85367

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন